

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.২২.২৭২.১৬. /৫৬২

তারিখ : ২৬/০৬/২০১৬ খ্রিঃ

বিষয় : ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের ইন্সট্রাক্টর (পদার্থ) জনাব মোঃ মুক্তাদের কবীর এর বিরুদ্ধে প্রাইভেট/কোচিং বাণিজ্যিকরণ প্রসঙ্গে।

সূত্র : ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি/ঠাকু/২০১৬/৭৬৭ তারিখ: ০২/০৬/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজের ইন্সট্রাক্টর (পদার্থ) জনাব মোঃ মুক্তাদের কবীর এর বিরুদ্ধে প্রাইভেট/কোচিং বাণিজ্যিকরণ সংক্রান্ত প্রতিবেদন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত প্রস্তাব পাওয়া যায়।

- ২। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২ এর ধার ১১(খ) মোতাবেক আপনার প্রতিষ্ঠানে মনিটরিং কমিটি গঠন করা হয়নি এবং নীতিমালার ১৩(ঙ) মোতাবেক তাঁর বিরুদ্ধে কি ধরনের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা উচিত তা সুপারিশ করা হয়নি।
- ৩। এমতাবস্থায়, শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২ অনুসরণ করে মনিটরিং কমিটি গঠন এবং কমিটির সুপারিশ গ্রহণ পূর্বক সুস্পষ্ট প্রস্তাব এ অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

প্রাপক : অধ্যক্ষ  
ঠাকুরগাঁও টেকনিক্যাল স্কুল ও কলেজ  
ঠাকুরগাঁও।

( বি. এম. আমিনুল ইসলাম )  
সহকারী পরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

- ০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।